

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ৯, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(সিটি কর্পোরেশন-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৪ ভাদ্র ১৪২২/১৯ আগস্ট ২০১৫

নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৩১.১৫.৪৮৩—যেহেতু, জনাব অধ্যাপক এম এ মান্নান, পিতা-মৃত কছিম উদ্দিন আকন্দ গাজীপুর সিটি কর্পোরেশনের নির্বাচিত মেয়র; এবং

২। যেহেতু, তাঁর বিরুদ্ধে দায়েরকৃত জয়দেবপুর থানার ফৌজদারী মামলা নং ১০৪(১২)১৪, জি, আর নং ১৫৭১/১৪ এ অভিযোগপত্র গাজীপুর জেলার বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর আদালত কর্তৃক গত ১২ মে ২০১৫ তারিখে গৃহীত হয়েছে; এবং

৩। যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের মেয়র বা কাউন্সিলরের বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্তকরণের বিধান রয়েছে;

৪। সেহেতু, গাজীপুর সিটি কর্পোরেশনের মেয়র অধ্যাপক এম এ মান্নান-কে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিছুল্লাহমান

সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

( ৭০৭৭ )

মূল্য : টাকা ৪.০০